# **ইকোল্ড** ক্যাপসুল

**ইচিনেসিয়া পেলিডা ৪৫০ মিগ্রা**

**হারবাল ঔষধ**

**বিবরণঃ** ক্যাপসুল ইকোল্ড ইচিনেসিয়া সমৃদ্ধ রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিকারক অত্যন্ত কার্যকর হারবাল ঔষধ। ইচিনেসিয়া এর বোটানিক্যাল নাম **ইচিনেসিয়া পেলিডা** এবং ইহা এসটারেসি গোত্রের অর্ন্তভুক্ত ভেষজ। ইহা সেলুলার ইমিউন সিস্টেমে নন-স্পেসিফিকভাবে খুবই কার্যকর ঔষধি উদ্ভিদ। ইকোল্ড প্রদাহনাশক, ব্যাকটেরিয়া বিরোধী, রোগ প্রতিরোধ উদ্দীপক, জীবানুনাশক ও ক্ষত নিবারক ভুমিকায় অনন্য ভেষজ। ইচিনেসিয়ার প্রধান সক্রিয় উপাদানসমুহ যেমন-ফ্লাভোনয়েড, অ্যালকামাইড, ক্যাফেয়িক এসিড উপজাতক ও পলিস্যাকারাইড প্রভৃতি উপস্থিতির জন্য ইহা ব্যাকটেরিয়া ও ভাইরাস বিরোধী হিসেবে কার্যকর এবং রোগ প্রতিরোধক্ষমতা বৃদ্ধি করে কার্যকরভাবে। ইকোল্ড সর্দি-কাশি, ইনফ্লুয়েঞ্জা, মুখ ও গলবিলের প্রদাহ, ঊর্ধ্বশ্বাসনালীর সংক্রমনে ও ব্যপকভাবে ব্যবহৃত হয়ে আসছে। এছাড়াও মুত্রনালীর পূনঃ পূনঃ সংক্রমনে সহযোগী উপাদান হিসেবে ইকোল্ড খুবই কার্যকর। ইহা রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে দেহকে বিভিন্ন ব্যাকটেরিয়া ও ভাইরাস এর সংক্রমন প্রতিহত করে এবং দেহকে নিরোগ ও সুস্থ রাখে।

**কার্যকর রাসায়নিক উপাদানঃ** ইচিনেসিয়াতে ইমিউনিটি বৃদ্ধিকারক গুরুত্বপূর্ন রাসায়নিক উপাদান ফ্লাভোনয়েড, অ্যালকামাইড, ক্যাফেয়িক এসিড উপজাতক, পলিস্যাকারাইড, পলিইন, গ্লাইকোপ্রেটিন, পাইরোলিজিডিন এবং ভোলাটাইল অয়েল প্রভৃতি কার্যকর রাসায়নিক উপাদান বিদ্যমান।

**উপাদানঃ** প্রতিটি ইকোল্ড ক্যাপসুলে আছে **ইচিনেসিয়া পেলিডা** ৪৫০ মিগ্রা।

**রোগ নির্দেশনা ও ব্যবহারঃ** সাধারণ সর্দি, কাশি, ইনফ্লুয়েঞ্জা, চিকিৎসা ও প্রতিরোধক হিসেবে শ্বাসতন্ত্র ও মূত্রতন্ত্রের সংক্রমনে, বিভিন্ন ইনফেকশনে, মুখ ও গলবিলের প্রদাহ এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে নির্দেশিত।

**সেবন মাত্রা ও সেবন বিধিঃ** প্রাপ্ত বয়স্কঃ **১**টি করে ক্যাপসুল দৈনিক ২ বার ৮ সপ্তাহ অথবা চিকিৎসকের পরামর্শে সেব্য।

**পার্শ্ব-প্রতিক্রিয়াঃ** নির্ধারিত মাত্রায় সেবনে তেমন পার্শ্ব-প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

**প্রতিনির্দেশনাঃ** টিউবারকুলেসিস, মাল্টিপল স্কেরোসিস, লিউকোসিস ও এইচআইভি এর ক্ষেত্রে সেবন নিষেধ।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালীন সময়েঃ** গর্ভাবস্থায় ও স্তন্যদানকালীন সময়ে সেবন নিষেধ।

**সতর্কতাঃ** ক্রমাগতভাবে নির্ধারিত মাত্রায় ২ মাস এর বেশী সেবন করা যাবে না।

**সংরক্ষণঃ** আলো থেকে দূরে, শুষ্ক ও ঠাণ্ডা স্থানে এবং শিশুদের নাগালের বাইরে সংরক্ষন করুন।

**পরিবেশনাঃ** প্রতিটি বাক্সে আছে ৩০টি ক্যাপসুল অ্যালু-অ্যালু ব্লিষ্টার প্যাকে।


IBN SINA

প্রস্তুতকারকঃ

দি **ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ

(হারবাল বিভাগ), সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।